

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৬৯

٩. यन गलाता সूतिष्ठ উপদেশ याला (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো তার শত্রুর জন্য এমন দু'আ করা যাতে তার অংশ বর্জন করা হয়

ذِكْنُ مَا يَجِبُ عَلَى الْمَرْءِ الدُّعَاءُ عَلَى أَعْدَائِهِ بِمَا فِيهِ تَرْكُ حَظِّ نَفْسِهِ

আরবী

969 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْمُنْذِرِ الْحِزَامِيُّ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُنْذِرِ الْحِزَامِيُّ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ فُلَيْحٍ عَنْ مُوسَى بْنِ عُقْبَةَ عَنِ ابْنِ شِهَابٍ عَنْ سَهْلِ بْنِ سَعْدِ السَّاعِدِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهُ عَنْ مُوسَى بْنِ عُلْمِون) اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (اللَّهُمَّ اغْفِرْ لقومي فإنهم لا يعلمون)

الراوي: سَهْل بْن سَعْدِ السَّاعِدِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 969 ا خلاصة حكم المحدث:. صحيح لغيره.

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: يَعْنِي هَذَا الدُّعَاءُ أَنَّهُ قَالَ يَوْمَ أُحُدِ لَمَّا شُجَّ وَجْهُهُ قَالَ: (اللَّهُمَّ اغْفِرْ لِقَوْمِي) ذَنْبَهُمْ بِي مِنَ الشَّجِّ لِوَجْهِي لَا أَنَّهُ دُعَاءٌ لِلْكُفَّارِ بِالْمَغْفِرَةِ وَلَوْ دَعَا لَهُمْ بالْمَغْفِرَةِ لَأَسْلَمُوا فِي ذَلِكَ الْوَقْت لَا مَحَالَةً.

বাংলা

৯৬৯. সাহল বিন সা'দ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, اللَّهُمَّ اغْفِرْ لقومي فإنهم لا يعلمون (হে আল্লাহ, আপনি আমার সম্প্রদায়কে ক্ষমা করে দিন, কেননা ওরা জানে না!)"[1]

আবৃ হাতিম ইবনু হিবান রহিমাহুল্লাহ বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উহুদ যুদ্ধের সময়, যখন তাঁর চেহারা মুবারক আহত হয়েছিল, তখন তিনি এই দু'আটি করেছিলেন, তিনি বলেছিলেন, واللَّهُمُ اغْفِرْ لِقَوْمِي (হে আল্লাহ, আপনি আমার সম্প্রদায়কে ক্ষমা করে দিন) তারা যে আমার চেহারা আহত করে দিয়েছে, তাদের সেপাপ; এটা নয় যে, এটি কাফেরদের জন্য মাগফেরাত চেয়ে দু'আ। আর এই সময় যদি তিনি তাদের জন্য মাগফেরাতের জন্য দুআ করতেন, তবে অবশ্যই তারা সেই সময় ইসলাম গ্রহণ করতো।"



ফুটনোট

[1] তারিখু ফাসাবী: ১/৩৩৮; আত তাবারানী: ৫৬৯৪; হাইসামী, মাজমা'উয যাওয়াইদ: ৬/১১৭; মুসনাদ আহমাদ: ১/৩৮০; বুখারী: ৩৪৭৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩১৭৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন